



## পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০০০১

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং -- ৪১৯৯



সার্কুলার নং - ০২/২০২৫

তারিখ - ১১/০২/২০২৫

সকল সদস্যদের জন্য

প্রিয় সাথী,

### রজত জয়ন্তী (নব পর্যায়) রাজ্য সম্মেলন

আমাদের সংগঠনের ২৫ তম (নব পর্যায়) রাজ্য সম্মেলন আগামী ২৬-২৭শে এপ্রিল, ২০২৫ কলকাতা শহরে অনুষ্ঠিত হবো। বিগত ৮ই ফেব্রুয়ারি ২০২৫ সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভা থেকে সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

এই রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হওয়ার পূর্বে সংগঠনের সাতটি আঞ্চলিক (জোনাল) সম্মেলনও সম্পূর্ণ করতে হবে। জোনাল সম্মেলনগুলি আগামী ১৬ই ফেব্রুয়ারি ২০২৫ থেকে ৮ই এপ্রিল ২০২৫ এর মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।

কেন্দ্রীয় কমিটির সভাতে সংবিধানের 7 (C) অনুচ্ছেদের অনুমোদন সাপেক্ষে তিনটি জোনাল কমিটির এলাকার পূর্ণবিন্যাস এর সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়েছে যাহা নিম্নরূপঃঃ

- ZONE I – Malda & New Jalpaiguri Circle
- ZONE II – Purba Medinipur, Paschim Medinipur & Kharagpur Circle.
- ZONE III – Durgapur, Purulia & Bardhaman Circle.
- ZONE IV – Kolkata South & 24 Pargana South Circle.
- ZONE V – Kolkata North & 24 Pargana North Circle.
- ZONE VI – Kolkata West & Hooghly Circle.
- ZONE VII – Murshidabad & Nadia Circle.

সম্মেলনকে সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য বিগত কেন্দ্রীয় কমিটির সভা থেকে রাজ্য ক্রেডেনশিয়াল কমিটি গঠিত হয়েছে। ক্রেডেনশিয়াল কমিটির আহ্বায়ক মনোনিত হয়েছেন সংগঠনের মূখ্য কোষাধ্যক্ষ নৃসিংহ প্রসাদ সরকার। জোনাল কমিটিগুলিকেও তাদের নিজ নিজ জোনের সম্মেলন পরিচালনার জন্য অতি দ্রুত ক্রেডেনশিয়াল কমিটি গঠন করতে হবে।

আঞ্চলিক (জোনাল) সম্মেলনগুলিতে প্রতিনিধিত্ব করার জন্য প্রতিনিধি নির্বাচন করতে হবে ৩১শে জানুয়ারি, ২০২৫ তারিখে সদস্য/সদস্যরা যে শাখায় কর্মরত ছিলেন তার নিরিখে গঠিত শাখা ভিত্তিক সদস্য তালিকার ভিত্তিতে। প্রতিটি জোনাল কমিটির সভাপতি ও সম্পাদকদের কাছে জানানো হচ্ছে যে আপনাদের জোনের অন্তর্ভুক্ত প্রতিটি শাখার ৩১শে জানুয়ারি ২০২৫ তারিখের ভিত্তিতে শাখা ভিত্তিক সদস্য তালিকা রাজ্য ক্রেডেনশিয়াল কমিটির থেকে দ্রুত সংগ্রহ করুন।

### সম্মেলনের তহবিল

সম্মেলনের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সম্মেলনের তহবিল সংগ্রহের সিদ্ধান্ত হয়েছে। অর্থ সংগ্রহের জন্য বিল বই অনতিবিলম্বে সার্কুল কমিটির মাধ্যমে প্রতিটি ইউনিটে পৌঁছে দেওয়া হবে।

সম্মেলনকে কেন্দ্র করে সদস্যদের কাছ থেকে নিম্নলিখিত হারে অনুদান সংগ্রহের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

- a) Senior C S A (Special Assistant) = ২০০০ টাকা
- b) Senior C S A-Cash (Head Cashier) = ১৫০০ টাকা
- c) C S A = ১০০০ টাকা
- d) Sub staffs/ FTS = ৫০০ টাকা
- e) P.T.S (3/4) = ৩০০ টাকা।
- f) P.T.S (1/2) = ২০০ টাকা।
- g) P.T.S (1/3) = ১০০ টাকা।

সম্মেলন উপলক্ষ্যে সদস্যদের দেয় চাঁদার সাথে অন্যান্যদের ( আধিকারিক ও গ্রাহক বৃন্দ) থেকে বিল বই ও কুপন মারফৎ অর্থ সংগ্রহ এর মাধ্যমে প্রতিটি শাখাকে সদস্য পিছু ন্যূনতম ১০০০ টাকা লক্ষ্যমাত্রা ধরে অর্থ সংগ্রহ করতে হবে ও সম্মেলন তহবিলে জমা করতে হবে। অবশ্যই মোট সংগৃহিত অর্থ অ্যাকাউন্ট নং **0100000128122665** তে জমা করতে হবে । সম্মেলনের অর্থ সংগ্রহ এর জন্য রসিদ বই ও কুপন বই অতি দ্রুত প্রতিটি জোনাল কমিটির মাধ্যমে শাখাগুলিতে পৌঁছে দেওয়া হবে।

রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক শিল্পকে রক্ষার শপথের অঙ্গিকার করেই আমাদের রজত জয়ন্তী (নব পর্যায়) রাজ্য সম্মেলনকে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এই নতুন সত্বায় দৃঢ় ঐক্যের ভিত্তিতে আমাদের চূড়ান্ত ভাবে সাফল্যমন্ডিত করে তুলতে হবে।

সংগ্রামী অভিনন্দন সহ,

আন্তর্জাতিক স্বরকার

(সাধারণ সম্পাদক)

সম্মেলন সংক্রান্ত বিস্তারিত তথ্য পরবর্তী সার্কুলারে প্রকাশিত হবে।